

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



আপনি কী পড়ছেন?

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমরা NYC রিডস্ ঘোষণা দেয়ার পর থেকে, আমি আমাদের স্কুলগুলোতে এবং পাঁচ বরো জুড়ে বই পড়ার একটি সংস্কৃতি গড়ে তোলার বিষয়টি নিয়ে অনেক চিন্তা-ভাবনা করেছি। সাক্ষরতাকে আমরা কীভাবে একটি সিটিব্যাপী সর্বাঙ্গিক প্রচেষ্টায় পরিণত করতে পারি?

আমার বিশ্বাস, এর উত্তর হচ্ছে, যত বেশি সম্ভব পরিবার এবং কমিউনিটি সদস্যদের সম্পৃক্ত করা। সেজন্যে গত মাসে, আমরা আমাদের অংশীদার NAACP-এর সাথে জাতীয় সাক্ষরতার সঙ্কটকে তুলে ধরে এমন একটি মর্মস্পর্শী তথ্যচিত্র *দ্যা রাইট টু রিড (The Right to Read)*-এর [একটি প্রদর্শনীর সহ-আয়োজন](#) করেছি। এরপর, আমাদের সুপরিচিত ডেপুটি চ্যান্সেলর ক্যারোলিন কিন্টানা (Carolyn Quintana) সহ বেশ কিছু শিক্ষার্থী এবং সাক্ষরতা বিষয়ক নেতৃবৃন্দ একটি চিত্তাকর্ষক আলোচনা সভায় চলচ্চিত্রটির উপর তাদের প্রতিফলন প্রকাশ করেন।

এছাড়াও আমরা [বিশ্ব উচ্চারণ করে পড়া দিবস \(ওয়ার্ল্ড রিড অ্যালাউড ডে\) উদযাপন](#) করেছি, যেখানে NYCPS নেতৃবৃন্দ এবং অংশীদার সংগঠনগুলো থেকে আনুমানিক 40 জন্য পাঠকের পাশাপাশি মেয়র অ্যাডামস্ এবং আমি,

3-K থেকে পঞ্চম (5) গ্রেডের 1200-এর বেশি শিক্ষার্থীদের পড়ে গুনিয়েছি। আমি বিশেষভাবে হারলেমের PS 123-এর শিক্ষার্থী ও শিক্ষকগণের সাথে সাক্ষাৎ উপভোগ করেছি, যেখানে Eva Chen (ইভা চেন)-এর লেখা *I Am Golden* (আই অ্যাম গোল্ডেন) পড়েছি।

বাড়িতে পরিবারদের পড়ার দক্ষতা অনুশীলনে উৎসাহিত করতে, আমরা কয়েক ডজন ছোট ছোট ভিডিও তৈরি করতে আমরা PBS-এর সাথে অংশীদারিত্ব করেছি, যেগুলো শিক্ষাবিদগণ পড়ার কৌশল সংক্রান্ত বিজ্ঞান ব্যবহার তুলে ধরে, যেমন অক্ষরের উচ্চারণগুলো কীভাবে মিশ্রণ করতে হয়। পিতামাতাগণ, আমি আপনাকে [এই ভিডিওগুলো](#) দেখতে উৎসাহিত করছি—এবং আপনি যদি এটা আরও এক ধাপ এগিয়ে নিতে চান, তাহলে আপনার স্কুল কমিউনিটিতে [রিডিং অ্যাসেসেডর](#) হবার জন্যে সাইন আপ করুন। ইতোমধ্যে আমাদের 1,200 পিতামাতা অংশগ্রহণ করেছেন! একজন অ্যাসেসেডর হিসেবে, আপনি বিবিধ ভাষায় অফারকৃত ভার্সুয়াল প্রশিক্ষণসমূহের মাধ্যমে পড়া বিষয়ক বিজ্ঞানের মৌলিক বিষয়গুলো সম্পর্কে আপনি জানবেন। আগ্রহী প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং পরিবার-মুখী কর্মীগণও [নথিভুক্ত \(এনরোল\)](#) হতে পারেন।

এবং, সর্বশেষে, শীঘ্রই আসছে... NYC রিডস্ হাবসমূহ! এই হাবগুলো ডিস্ট্রিক্ট 5, 6, 12 এবং 23-তে বিভিন্ন স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানে পরিবারদের অতিরিক্ত বই পড়ার এবং বিভিন্ন সাক্ষরতা কর্মকাণ্ডে অংশগ্রহণের সুযোগ প্রদান করবে।

পরিবারবর্গ এবং কর্মীবৃন্দ, আমাদের সিটিব্যাপী পড়ার সংস্কৃতি লালন করতে আমি আপনাদের একটি সাধারণ কিন্তু শক্তিশালী আইডিয়া প্রদান করতে চাই। এর পরের বার আপনি যখন কোনো বন্ধু, প্রতিবেশী, শিক্ষার্থী, কিংবা কোনো নিউ ইয়র্কবাসীকে অভিবাদন জানাবেন, তখন নিত্য-নৈমিত্তিক অভিবাদনটি বদলে নিন। "কেমন আছেন?" জিজ্ঞাসা করবেন না।

এর পরিবর্তে, চেষ্টা করুন, "কী বই পড়ছেন?"

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যানেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বসম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।